

HOD (ICT)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

৪৩-৩  
৩৩/১২/১৪

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.৩২.০১৬.১৭-৫২৪

তারিখ- ০৬/০৯/২০১৮খ্রিঃ।

অধ্যক্ষ/গ্রুপ সভাপতি,

সকল পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।

বিষয়ঃ স্কাউটস সম্পৃক্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

জনাব,


শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে প্রচলিত শিক্ষা কার্যক্রমের সম্পূরক হিসেবে বাংলাদেশ স্কাউটসের গঠন ও নিয়ম অনুযায়ী সারা দেশে স্কাউটিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সূনাগরিক তৈরির লক্ষ্যে বিশ্বব্যাপী স্বীকৃত স্কাউট আন্দোলনের ভূমিকা ও অবদানের গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশে ডিগ্রী পাস ও অনার্স কোর্সে রোভার স্কাউটিংকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাস ভুক্ত করা হয়েছে।

উল্লেখ্য, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে স্কাউটিং কার্যক্রম চালুকরণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পরিপত্র জারী করা হয়েছে যাতে শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে স্কাউট ও রোভার স্কাউট তহবিল গঠন করে উক্ত অর্থ শুধু স্কাউটিং কার্যক্রমে ব্যয় করার সুনির্দিষ্ট নির্দেশ রয়েছে।

সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্কাউটিং কার্যক্রমের তথ্য সংগ্রহের নিমিত্তে নিম্নের ছক মোতাবেক তথ্য ৯/৯/২০১৮খ্রিঃ তারিখের দুপুর ২ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ই-মেইল (dtead3.2013@gmail.com) এর মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	স্কাউটস/রোভার দলের নাম	স্কাউটস/রোভার লিডার নাম	স্কাউটস/রোভার দলের সংখ্যা	স্তরভিত্তিক স্কাউটস/রোভার সংখ্যা		স্কাউটস তহবিলের নং এবং টাকার পরিমাণ	মোট স্কাউটস/রোভার সংখ্যা	মন্তব্য
				ছেলে	মেয়ে			

[বিষয়টি অতীব জরুরী]

  
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)  
সহকারী পরিচালক-৩  
কারিগরি শিক্ষা অধিদপ্তর